

🗏 আল-হাশর | Al-Hashr | ٱلْحَشْر

আয়াতঃ ৫৯: ২৪

া আরবি মূল আয়াত:

هُوَ اللّٰهُ الخَالِقُ البَارِئُ المُصوِّرُ لَهُ الاَسمَآءُ الحُسنَى اَ يُسَبِّحُ لَهُ مَا فِي السَّمَوٰتِ وَ الاَرضِ وَ هُوَ العَزِيزُ الحَكِيمُ ﴿٢٢﴾

তিনিই আল্লাহ, স্রষ্টা, উদ্ভাবনকর্তা, আকৃতিদানকারী; তাঁর রয়েছে সুন্দর নামসমূহ; আসমান ও যমীনে যা আছে সবই তার মহিমা ঘোষণা করে। তিনি মহাপরাক্রমশালী, প্রজ্ঞাময়। — আল-বায়ান

তিনিই আল্লাহ সৃষ্টিকারী, উদ্ভাবনকারী, আকার আকৃতি প্রদানকারী। সমস্ত উত্তম নামের অধিকারী। আসমান ও যমীনে যা আছে সবই তাঁর গৌরব ও মহিমা ঘোষণা করে। তিনি প্রবল পরাক্রান্ত মহা প্রজ্ঞাবান। — তাইসিরুল তিনিই আল্লাহ, সৃজনকর্তা, উদ্ভাবক, রূপদাতা, সকল উত্তম নাম তাঁরই। আকাশ ও পৃথিবীতে যা কিছু আছে সমস্তই তাঁর পবিত্রতা ও মহিমা ঘোষণা করে। তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়। — মুজিবুর রহমান

He is Allah, the Creator, the Inventor, the Fashioner; to Him belong the best names. Whatever is in the heavens and earth is exalting Him. And He is the Exalted in Might, the Wise. — Sahih International

- ২৪. তিনিই আল্লাহ সৃজনকর্তা, উদ্ভাবন কর্তা, রূপদাতা, তাঁরই সকল উত্তম নাম।(১) আসমানসমূহ ও যমীনে যা কিছ আছে, সবকিছই তাঁর পবিত্রতা ও মহিমা ঘোষণা করে। তিনি পরীক্রমশালী, প্রজ্ঞাময়।
 - (১) অর্থাৎ আল্লাহ তা'আলার উত্তম উত্তম নাম আছে। হাদীসে বলা হয়েছে, "আল্লাহর এমন নিরানব্বইটি নাম রয়েছে যে কেউ এগুলোর (সঠিকভাবে) সংরক্ষণ করবে (হক আদায় করবে) সে জান্নাতে যাবে"। [বুখারী: ২৭৩৬, মুসলিম: ২৬৭৭]

তাফসীরে জাকারিয়া

- (২৪) তিনিই আল্লাহ সৃজনকর্তা, উদ্ভাবনকর্তা,[1] রূপদাতা। সকল উত্তম নাম তাঁরই।[2] আকাশমন্তলী ও পৃথিবীতে যা কিছু আছে, সমস্তই তাঁর পবিত্রতা ও মহিমা ঘোষণা করে।[3] আর তিনিই পরাক্রমশালী, প্রজ্ঞাময়। [4]
 - [1] বলা হয় যে, خلق 'খালক' এর অর্থ, স্বীয় ইচ্ছানুযায়ী আন্দাজ ও অনুমান করা। আর برأ 'বারাআ' অর্থ,



সেটাকে সৃষ্টি করা, গড়া এবং অস্তিত্বে নিয়ে আসা।

- [2] 'আসমায়ে হুসনা' (সুন্দর নামাবলী) এর আলোচনা সূরা আ'রাফের ১৮০নং আয়াতে উল্লিখিত হয়েছে।
- [3] অবস্থার ভাষায় এবং কথ্য ভাষাতেও। যেমন, পূর্বে বর্ণনা হয়েছে।
- [4] যে জিনিসেরই তিনি ফায়সালা করেন, তা হিকমত, কৌশল ও প্রজ্ঞা হতে শূন্য থাকে না।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5150

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন